# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪

১/ বিবিধ

---

আরবী

إياكم وخضراء الدمن، فقيل: وما خضراء الدمن؟ قال: المرأة الحسناء فى المنبت السوء
ضعيف جدا

رواه القضاعي في " مسند الشهاب " (ق 81 / 1) من طريق الواقدي قال: أنبأنا يحيى بن سعيد بن دينار عن أبي وجيزة يزيد بن عبيد عن عطاء بن يزيد الليثي عن أبي سعيد الخدري، وأورده الغزالي في " الإحياء " (2 / 38) وقال مخرجه العراقي: رواه الدارقطني في " الأفراد " والرامهرمزى في " الأمثال " من حديث أبي سعيد الخدري، قال الدارقطني: تفرد به الواقدى وهو ضعيف
وذكر نحوه ابن الملقن في " خلاصة البدر المنير " (ق 118 / 1)
قلت: بل هو متروك فقد كذبه الإمام أحمد والنسائي وابن المديني وغيرهم
ولا تغتر بتوثيق بعض المتعصبين له ممن قدم لبعض كتبه، وغيره من الحنفية، فإنه على خلاف القاعدة المعروفة عند المحدثين: الجرح المبين مقدم على التعديل ولذا حكم الكوثري بوضعه كما سيأتي تحت الحديث (25)

বাংলা

১৪। তোমরা তোমাদেরকে এবং সার দেয়া ভূমির সবুজ বর্ণকে রক্ষা কর। জিজ্ঞাসা করা হল, সার দেয়া ভূমির সবুজ বর্ণ কি? (উত্তরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ নিকৃষ্ট উৎপত্তি স্থল হতে জন্ম গ্রহণ করা সুন্দরী নারী।

হাদীসটি নিতান্তই দুর্বল।

হাদীসটি কাজা'ঈ “মুসনাদুশ শিহাব” গ্রন্থে (কাফ ৮১/১) ওয়াকেদী এবং গাযালী “আল-ইহইয়া” গ্রন্থে (২/৩৮) উল্লেখ করেছেন।

তার তাখরাজকারী ইরাকী বলেনঃ হাদীসটি দারাকুতনী “আল-আফরাদ” গ্রন্থে এবং রামহুরমুজী “আল-আমসাল" গ্রন্থে আবূ সাঈদ খুদরী (রাঃ)-এর হাদীস হতে উল্লেখ করেছেন। দারাকুতনী বলেনঃ এ হাদীসটি ওয়াকেদী এককভাবে বর্ণনা করেছেন, তিনি দুর্বল বর্ণনাকারী।

ইবনুল মুলাক্কান “খুলাসাতুল বাদরিল মুনীর” গ্রন্থে (কাফ ১১৮/১) তার মতই উক্তি করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি মাতরূক। ইমাম আহমাদ, নাসাঈ ও ইবনুল মাদীনী প্রমুখ মুহাদ্দিসগণ তাকে (ওয়াকেদীকে) মিথ্যুক বলেছেন। কোন কোন গোড়া ব্যক্তি তাকে নির্ভরযোগ্য বলার চেষ্টা করেছেন, সেদিকে দৃষ্টি দেয়া যাবে না। কারণ তা মুহাদ্দিসগণের প্রসিদ্ধ সূত্র (ব্যাখ্যাকৃত দোষারোপ অগ্রাধিকার পাবে নির্দোষীতার উপর) বিরোধী। এ জন্য কাওসারী হাদীসটিকে জাল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5275

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন